20467 - হজ্জের কারণে মাসিক পিছিয়ে দেয়া

প্রশ্ন

প্রশ্ন: আমি একজন মুসলিম নারী। ইনশাআল্লাহ এ বছর হজ্জে যাব। আমি আশংকা করছি মক্কায় পৌঁছার সাথে সাথে আমার মাসিক শুরু হবে। কেউ কেউ আমাকে উপদেশ দিচ্ছেন আমি যেন ডাক্তারের সাথে পরামর্শ করে কিছু ট্যাবলেট খাই যাতে আমার মাসিক কিছুদিন পরে শুরু হয়; আর এর মধ্যে আমি হিজ্জ শেষ করে ফেলতে পারি। মাসিক পিছিয়ে দেয়ার জন্য এ ধরনের ট্যাবলেট খাওয়ার শরয়ি বিধান কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। যদি এ ধরনের ট্যাবলেট খাওয়া নারীর স্বাস্থ্যের জন্য ক্ষতিকর না হয় তাহলে তা খাওয়া বৈধ। বিশেষজ্ঞ ডাক্তারের সাথে পরামর্শ করলে এ বিষয়টি জানা যাবে। ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটিকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তাঁরা বলেন:

হজ্জের সময় নারী যদি মাসিকের আশংকা করেন তাহলে মাসিক রোধকারী ট্যাবলেট খাওয়া জায়েয আছে। তবে নারীর স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিত হওয়ার জন্য বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নিতে হবে। একইভাবে রমজান মাসে যে নারী সবার সাথে রোজা রাখতে চান তিনি ট্যাবলেট খেতে পারেন।

নারী বিষয়ক ফতোয়াসমগ্র (২/৪৯৫)